# নির্বাচনে ভোটার উপস্থিতি ৫৯.৪৪ শতাংশ: ইসি




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে সারাদেশে মোট ৫৯ দশমিক ৪৪ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছে বাংলাদেশ নির্বাচন কমিশন। শুক্রবার সংস্থাটির জনসংযোগ বিভাগের পরিচালক মো. রুহুল আমিন মল্লিক সাংবাদিকদের এ তথ্য জানান।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত টানা নয় ঘণ্টা ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় ২৯৯টি আসনে। শেরপুর-৩ আসনে এক বৈধ প্রার্থীর মৃত্যুর কারণে সেখানে ভোট স্থগিত রাখা হয়।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, দেশে মোট ভোটার সংখ্যা ১২ কোটি ৭৭ লাখ ১১ হাজার ৭৯৩ জন। এর মধ্যে শেরপুর-৩ আসনের ৪ লাখ ১৩ হাজার ৩৩৭ জন ভোটার এবার ভোট দিতে পারেননি। ফলে ২৯৯ আসনে ভোটাধিকার প্রয়োগের সুযোগ পান ১২ কোটি ৭২ লাখ ৯৮ হাজার ৪৫৬ জন ভোটার, যাদের মধ্যে ৫৯ দশমিক ৪৪ শতাংশ ভোট প্রদান করেন।

LENS ASIA